**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/15/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল সহায়ক আবাসন প্রকল্পসমূহ এবং জরুরি আশ্রয়কেন্দ্র মেরামতের জন্য 17.3 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

***স্টেটের তহবিল প্রাক্তন গৃহহীন নিউ ইয়র্কবাসীর জন্য 120 ইউনিট স্থায়ী এবং জরুরি আবাসন তৈরি করবে***

***গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচি হলো নিউ ইয়র্কবাসীদের আবাসন স্থিতিশীলতা জোরদার করতে গভর্নরের নতুন 25 বিলিয়ন মার্কিন ডলারের পাঁচ বছর মেয়াদী আবাসন পরিকল্পনার অংশ***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে চারটি কাউন্টির ছয়টি প্রকল্পকে 17.3 মিলিয়ন মার্কিন ডলার স্টেট তহবিল প্রদান করা হবে যা গৃহহীনতায় ভুগতে থাকা নিউ ইয়র্কবাসীর জন্য জরুরি ও স্থানীয় সহায়ক আবাসন প্রদান করবে। স্টেটের গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচি (Homeless Housing and Assistance Program, HHAP) দ্বারা সমর্থিত প্রকল্পগুলির মধ্যে রয়েছে জরুরি আশ্রয়কেন্দ্র মেরামত এবং নির্মাণকাজ যা ভেটেরান, পারিবারিক সহিংসতার শিকার ব্যক্তি, মাদকাসক্তির ইতিহাসসহ ব্যক্তি, এবং মারাত্মক মানসিক অসুস্থতায় ভুগতে থাকা মানুষের জন্য অতিরিক্ত 120 ইউনিট তৈরি বা সংরক্ষণ করবে।

"প্রায়শই, গৃহহীনতা বা আবাসন অস্থিতিশীলতায় ভুগতে থাকা নিউ ইয়র্কবাসীরা মাদক ব্যবহার বা মারাত্মক মানসিক অসুস্থতার মতো অন্তর্নিহিত কারণে দুর্দশাগ্রস্ত হয়," **গভর্নর হোকল বলেন।** "সাশ্রয়ী আবাসনে সমর্থন সেবা যুক্ত করে এমন প্রকল্পের জন্য স্টেট তহবিল প্রদান করার মাধ্যমে, নিউ ইয়র্ক গৃহহীনতার কারণ বা আংশিক কারণের মূল সমস্যা সমাধান করতে এবং এইসব ব্যক্তি ও তাদের পরিবারকে দীর্ঘমেয়াদি আবাসন স্থিতিশীলতার পথে নিয়ে আসার কাজ শুরু করতে কাজ করছে।"

স্টেটের টেম্পোরারি অ্যান্ড ডিজ্যাবিলিটি অফিস (Office of Temporary and Disability Assistance, OTDA) পরিচালিত গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচি হলো পুরো নিউ ইয়র্কে আবাসনকে আরো সাশ্রয়ী, ন্যায্য, এবং স্থিতিশীল করতে গভর্নর হোকলের সুদূরপ্রসারী পরিকল্পনার একটি জরুরি উপাদান। এর মধ্যে রয়েছে একটি নতুন 25 বিলিয়ন মার্কিন ডলারের পাঁচ বছর মেয়াদী আবাসন পরিকল্পনা যা পুরো স্টেটের শহুরে ও গ্রামীণ এলাকায় আরো 100,000টি সাশ্রয়ী বাসা তৈরি ও সংরক্ষণ করবে, যার মধ্যে দুঃস্থ জনগোষ্ঠীর জন্য সহায়ক সেবাসহ 10,000 ইউনিট থাকবে।

2023 অর্থবছরের নির্বাহী বাজেট নতুন সহায়ক আবাসন ইউনিট নির্মাণ বা বিদ্যমান জরুরি আশ্রয়কেন্দ্র মেরামতের কর্মসূচির জন্য 128 মিলিয়ন মার্কিন ডলার মূলধন তহবিল অব্যাহত রেখেছে। চলমান অর্থায়ন চক্র চলাকালীন, কর্মসূচিটি প্রায় 83.7 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ দিয়েছে, যা 618 ইউনিট স্থায়ী সহায়ক আবাসন, 14 ইউনিট রূপান্তরমূলক অবসান, এবং 67 ইউনিট জরুরি আবাসন তৈরি করবে।

আজকে তহবিল প্রাপ্ত প্রকল্পসমূহের মধ্যে রয়েছে:

- **ইউনাইটেড ভেটেরান্স বিকন হাউজ, ইনকর্পোরেটেডকে (United Veterans Beacon House, Inc.)** এমন একটি পরিবারের জন্য স্থায়ী সহায়ক আবাসন নির্মাণ করতে যেই গৃহস্থালির প্রধান একজন ভেটেরান এবং ইস্ট প্যাটশোগের সাফোক কাউন্টি হ্যামলেটে একক গৃহহীন প্রাপ্তবয়স্কদের জন্য দুইটি জরুরি আশ্রয়কেন্দ্র সংরক্ষণ করার জন্য 2.6 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে।

- **শাটোকুয়া অপরচুনিটিজ, ইনকর্পোরেটেডকে (Chautauqua Opportunities, Inc.)** একটি তিনতলা ভবনকে 12 ইউনিট সহায়ক আবাসনে পুনর্বাসন করার জন্য এবং শাটোকুয়া কাউন্টির জেমসটাউন সিটিতে 18 বছরের বেশি গৃহহীন নারীকে পরিষেবা প্রদানের জন্য 18-শয্যার একটি জরুরি আশ্রয়কেন্দ্র নির্মাণে 2.49 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে।

- **ব্যারিয়ার ফ্রি লিভিং, ইনকর্পোরেটেডকে (Barrier Free Living, Inc.)** ম্যানহাটনে দুর্বল বয়স্ক ব্যক্তিদের জন্য 30টি সংরক্ষিত ইউনিটসহ একটি বৃহত্তর 75 ইউনিট প্রকল্পের অংশ হিসেবে 44 ইউনিট স্থায়ী সহায়ক আবাসনসহ একটি 13তলা ভবন নির্মাণের জন্য 6 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে।

- **ক্যাথোলিক চ্যারিটিজ অফ অনোন্ডাগা কাউন্টিকে (Catholic Charities of Onondaga County)** একটি বিদ্যমান বাণিজ্যিক ভবনকে টেকসইভাবে পুনর্বাসন করতে এবং সিরাকিউজে একটি বড় অর্থনৈতিক বিকাশ প্রকল্পের কারণে অবস্থান পরিবর্তন করতে বাধ্য হওয়া 80-শয্যার জরুরি আবাসন সংরক্ষণ করতে 5.94 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে।

পাশাপাশি, পিন্যাটস ইনকর্পোরেটেডকে (Penates, Inc.) একটি দুইতলা ভবন সংস্কার করতে এবং বে শোরের সাফোক কাউন্টি হ্যামলেটে 17-শয্যার গৃহহীন পরিবারের জরুরি আবাসন সংরক্ষণে আশ্রয়কেন্দ্র মেরামত তহবিল হিসেবে 100,000 মার্কিন ডলার প্রদান করা হয়েছে। কোম্পানিকে বে শোরের অন্য স্থানে একটি পৃথক দুইতলা 17-শয্যার বাড়িতে আশ্রয়কেন্দ্র মেরামত কাজ করার জন্য আরো 100,000 মার্কিন ডলার প্রদান করা হয়েছে।

গত বছর, কর্মসূচিটি 30টি প্রকল্পকে তহবিল প্রদান ও করেছে যেগুলি পুরো স্টেটে 441 ইউনিট সহায়ক আবাসন যোগ করবে এবং জরুরি আশ্রয়কেন্দ্র মেরামত করবে।

**OTDA-র ভারপ্রাপ্ত কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েটজ বলেন,** "স্থানীয় সমর্থনকে আবাসন হলো সকল নিউ ইয়র্কবাসীর কাছে, বিশেষ করে সর্বাধিক দুঃস্থ যারা তাদের কাছে যাতে নিজের বাসা বলার মতো নিরাপদ, সাশ্রয়ী স্থান উপলভ্য থাকে তা নিশ্চিত করতে আমাদের করা প্রচেষ্টার একটি অতি গুরুত্বপূর্ণ উপাদান। গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচির মাধ্যমে অর্থায়িত অন্যান্য অনেক প্রকল্পের মতো এই প্রকল্পসমূহ সাশ্রয়ী আবাসনের সাথে সহায়ক সেবা যুক্ত করে যা কিছু পরিবার ও ব্যক্তির আবাসন স্থিতিশীলতা আরো ভালোভাবে নিশ্চিত করতে এবং সম্প্রদায়ে পূর্ণাঙ্গ জীবনযাপন করার সুযোগ পাওয়ার জন্য প্রয়োজন। আমি গভর্নর হোকলের উচ্চাকাঙ্ক্ষী পাঁচ বছর মেয়াদি আবাসন পরিকল্পনা এবং সহায়তা ও সমর্থনের সর্বাধিক চাহিদা আছে যেসকল নিউ ইয়র্কবাসীর তাদের প্রতি তার অব্যাহত মনোযোগের জন্য তার প্রশংসা করছি।"

**ইউনাইটেড ভেটেরান্স বিকন হাউজ, ইনকর্পোরেটেডের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ফ্র্যাঙ্ক আমালফিটানো বলেন,** "আমরা আমাদের দেশের সশস্ত্র বাহিনীতে সম্মানজনকভাবে দায়িত্ব পালনকারী নারীপুরুষের থেকে মুখ ফিরিয়ে নিতে পারি না, বিশেষ করে তাদের প্রয়োজনের সময়। ইউনাইটেড ভেটেরান্স বিকন হাউজ গৃহহীনতার চক্র ভাঙ্গতে সাফোক কাউন্টির পরিবারগুলিকে এমন সমর্থন ও স্থিতিশীলতা প্রদান করবে যার উপর তারা নির্ভর করতে পারবে। গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচির মাধ্যমে, গভর্নর হোকল গৃহহীনতায় ভুগতে থাকা নিউ ইয়র্কবাসীকে স্থায়ী আবাসন স্থিতিশীলতা ও উজ্জ্বলতর ভবিষ্যৎ অর্জন করতে সাহায্য করার জন্য নিজের অটুট সঙ্কল্প প্রদর্শন করে যাচ্ছেন।"

**শাটোকুয়া অপরচুনিটিজ, ইনকর্পোরেটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা ডায়ান হিউইট-জনসন বলেন,** "শাটোকুয়া অপরচুনিটিজ, ইনকর্পোরেটেড শাটোকুয়া উইমেন্স শেল্টার প্রকল্পে আমাদের সাথে অংশীদারিত্ব করার জন্য গৃহহীন আবাসন সহায়তা কর্পোরেশন এবং জেমসটাউন সিটিকে ধন্যবাদ জানাতে চায়। জরুরি আবাসন ও সহায়ক সেবা প্রদানের মাধ্যমে, 18-শয্যার এই আশ্রয়কেন্দ্রটি গৃহহীন থেকে স্বাধীন জীবনে রূপান্তরের সময় নারীদের একটি নিরাপদ ও যত্নশীল পরিবেশ প্রদান করবে। আশ্রয়কেন্দ্রটি শাটোকুয়া কাউন্টিতে এধরনের প্রথম আশ্রয়কেন্দ্র এবং আমরা আমাদের সম্প্রদায়ের নারীদের জন্য এটি যে সুযোগ সৃষ্টি করবে তার জন্য কৃতজ্ঞ।"

**ব্যারিয়ার ফ্রি লিভিং, ইনকর্পোরেটেডের প্রেসিডেন্ট/প্রধান নির্বাহী কর্মকর্তা পল বি. ফিউরেস্টিন বলেন,** "ব্যারিয়ার ফ্রি লিভিং সদ্যই তাদের 40তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করেছে, এটি 27 বছর ধরে মারাত্মক প্রতিবন্ধী ব্যক্তিদের গৃহহীন আশ্রয়কেন্দ্র প্রদান করেছে যাদের অন্যথায় নার্সিং হোমে থাকতে হতো, এবং 35 বছর ধরে পারিবারিক সহিংসতার শিকার প্রতিবন্ধী ব্যক্তিদেরকে ইন্টারভেনশন পরিষেবা প্রদান করেছে, এটি দেশব্যাপী অক্ষমতাসহ নারীদের জন্য এক নম্বর সমস্যা। HHAP আমাদের কাজের একটি গুরুত্বপূর্ণ অংশীদার, তারা মার্কিন যুক্তরাষ্ট্রে প্রথম সম্পূর্ণ উপলভ্য জরুরি পারিবারিক সহিংসতা আশ্রয়কেন্দ্র নির্মাণের মূলধন প্রদান করেছে এবং অন্তরঙ্গ অংশীদার ও পারিবারিক সহিংসতার শিকার ব্যক্তি ও পরিবারের জন্য 120 ইউনিট সহায়ক আবাসন তৈরিতে আমাদের সহায়তা করেছে। বর্তমানে

আমাদের প্রাপ্ত অর্থ পারিবারিক সহিংসতার শিকার মানুষ ও নার্সিং হোম থেকে স্থানান্তরিত হওয়া প্রাক্তন গৃহহীন বয়স্ক মানুষের জন্য 74 ইউনিট সহায়ক আবাসন তৈরির ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক।"

**ক্যাথোলিক চ্যারিটিজ অফ অনোন্ডাগা কাউন্টির নির্বাহী পরিচালক মাইকেল এফ. মেলারা বলেন,** "সিরাকিউজে গৃহহীনতায় ভুগতে থাকা মানুষের নিজের বাড়ি বলার মতো একটি নিরাপদ, স্থিতিশীল স্থান নিশ্চিত করার একটি স্পষ্ট চাহিদা রয়েছে। ক্যাথোলিক চ্যারিটিজ অফ অনোন্ডাগা কাউন্টি আবাসন পরিষেবা কেন্দ্র আমাদের সম্প্রদায়ের সর্বাপেক্ষা দুঃস্থ মানুষের জন্য আতিথেয়তা এবং সহায়ক সেবা প্রদান করবে। গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচি থেকে পাওয়া এই তহবিল এর সাফল্যের জন্য অতি গুরুত্বপূর্ণ এবং এটি আমাদের জরুরি আশ্রয়কেন্দ্র ও স্থায়ী আবাসন নিশ্চিত করতে সহায়তার প্রয়োজনে থাকা মানুষকে পরিষেবা প্রদান করা অব্যাহত রাখতে দিবে। আমরা এই প্রকল্পে গভর্নর হোকলের থেকেই প্রাপ্ত সমর্থনের জন্য কৃতজ্ঞ, তিনি আমাদের স্টেটে গৃহহীনতার ব্যাপারে কাজ করে তা হ্রাস করাকে তার প্রশাসনের জন্য অগ্রাধিকার করেছেন।"

**পিন্যাটস ইনকর্পোরেটেডের নির্বাহী পরিচালক ক্যারোল বার্কোউইচ বলেন**, "গৃহহীনতায় ভুগতে থাকা মানুষকে স্থায়ী আবাসন স্থিতিশীলতার পথে নিয়ে আসতে সাহায্য করার জন্য জরুরি আশ্রয়কেন্দ্রগুলি অনেক সময়ই জরুরি প্রথম ধাপটি হয়। স্টেটের গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচির মাধ্যমে পাওয়া তহবিল আমাদেরকে এই দুইটি ফ্যাসিলিটির অতি জরুরি উন্নয়ন করতে সাহায্য করবে, যার ফলে এগুলি আমাদের সম্প্রদায়ে জরুরি কাজ করা অব্যাহত রাখতে পারবে। গৃহহীনতায় ভুগতে থাকা মানুষকে সাহায্য করার জন্য আমাদের কাছে যাতে প্রয়োজনীয় সমর্থন থাকে তা নিশ্চিত করার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি।"

গৃহহীনদের আবাসন সহায়তা কর্মসূচিটি লাভের উদ্দেশ্যহীন কর্পোরেশন, দাতব্য ও ধর্মীয় সংগঠন ও পৌরসভাগুলিকে সেই সকল মানুষের জন্য বাসস্থান অর্জন, নির্মাণ করতে বা পুনর্বাসন দিতে মূলধনী অনুদান ও ঋণ প্রদান করে যারা বিশেষ সহায়তা ছাড়া পর্যাপ্ত বাসস্থান পেতে অক্ষম। OTDA কর্মীদের দ্বারা চালিত একটি সরকারি সুবিধা কর্পোরেশন, নিউ ইয়র্ক স্টেট গৃহহীনদের আবাসন ও সহায়তা নিগম (New York State Homeless Housing and Assistance Corporation) দ্বারা একটি প্রতিযোগিতামূলক প্রক্রিয়ার মাধ্যমে অনুদানগুলি মঞ্জুর করা হয়।

এই কর্মসূচির মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট সহায়ক আবাসনের উন্নয়নের লক্ষ্যে $1.2 বিলিয়ন ডলারের বেশি বরাদ্দ করেছে। কর্মসূচিটি গৃহহীনতায় ভোগা ব্যক্তি ও পরিবারগুলিকে সহায়তা করার জন্য মোট 22,000 টির বেশি বাসস্থানের ইউনিট তৈরি করেছে।

###